# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/ ২৩৩২৫১০২২৮৬১/পটুয়াখালী-৮৩/ ২৫৩

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ / ২১ অক্টোবর ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন বোয়ালিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসার অবৈধ পদ্ধতিতে নির্বাচিত কমিটি অনুমোদন না দেয়ার জন্য জনাব মোঃ শাহআলী হাওলাদার অত্র বোর্ডে আবেদন করেছেন। দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী জনাব মোঃ শাহআলী হাওলাদার নির্বাচনের প্রিজাইডিং অফিসার ও মাদ্রাসা সুপারের স্বার্থসিদ্ধির কারণে মাদ্রাসার অভিভাবক প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ করতে পারেন নাই। তাছাড়া নির্বাচন গ্রহণের ক্ষেত্রে যথাযথ নিয়ম পালন করা হয় নাই মর্মে তিনি উল্লেখ করেছেন। (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত প্রিজাইডিং অফিসার ব্যতিরেকে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

২১.১০.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
গলাচিপা, পটুয়াখালী।

নং-বামাশিবো/প্রশা/ ২৩৩২৫১০২২৮৬১/পটুয়াখালী-৮৩/

তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ / ২১ অক্টোবর ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পটুয়াখালী;
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী;
৪. সভাপতি, বোয়ালিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-বোয়ালিয়া, থানা-গলাচিপা, বরগুনা;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, বোয়ালিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-বোয়ালিয়া, থানা-গলাচিপা, বরগুনা;
৬. জনাব মোঃ শাহআলী হাওলাদার, (অভিযোগকারী), গ্রাম ও ডাকঘর- বোয়ালিয়া, থানা-গলাচিপা, বরগুনা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২১/১০/২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

| অভিবাবকের নাম | ছাত্র/চাত্রীর নাম | শ্রেনী | স্বাক্ষর |
| --- | --- | --- | --- |
| কামরুল | হাবিব | ৬ষ্ঠ | কামরুল |
| মো: কুদ্দুস হক | জান্নাতুল | ৯ম | [illegible] |
| মো: জুয়েল রানা | শাহিদুল ইসলাম | ৫ম | মো: জুয়েল রানা |
| একুব হক | হাবিব | ৮ম | মো: ইয়াকুব |
| মো: জহিরুল মোল্লা | জান্নাতুল | ৮ম | [illegible] |
| বকুল ভূইয়া | বাপ্পি | ৬ষ্ঠ | বকুল ভূইয়া |
| আবদুল ফকির | মনিরুল ইসলাম | ৭ম | আবদুল |
| হাবিব মোল্লা | হাবিব | ৭ম | হাবিব |
| কামাল ফকির | রবিউল হাসান | ৯ম | [illegible] |
| মো: মান্নান ফকির | আবু হানিফ | ৯ম | [illegible] |
| মো: হানিফ হক | রিমা | ৯ম | হানিফ |
| মো: আলমগীর হোসেন | সাদ্দাম | ৬ষ্ঠ | আলমগীর হোসেন |
| মো: মিলন হক | শিহাব | ৯ম | মো: মিলন হক |
| মো: মোতালেব | আরিফা | ৬ষ্ঠ | মো: মোতালেব |
| মো: ইব্রাহীম মিয়া | ইসমাইল | ৬ষ্ঠ | ইব্রাহীম |
| মো: হোসেন | আরিফুল | ৭ম | [illegible] |
| আবদুর রহমান | সানজিদা | ৭ম | আবদুর |
| জসিম সিকদার | জুনায়েদ | ৭ম | জসিম |
| আমির হোসেন | জান্নাতুল | ৯ম | আমির |
| আলমগীর হক | তন্নী | ৯ম | আলমগীর |
| মো: নেছারউদ্দিন | মো: জুনায়েদ | ৪র্থ | নেছার |
| মো: সিদ্দীক হক | ইসরাত | ৯ম | মো: সিদ্দিক |
| দাদন সরদার | শাওন | ৯ম | দাদন |
| নুর ইসলাম সিকদার | মিজান | ৬ষ্ঠ | নুর ইসলাম |
| শাকিল মোল্লা | শারমিন | ৬ষ্ঠ | শাকিল মোল্লা |
| রাসেল হক | রিফাত | ৬ষ্ঠ | রাসেল |
| এনামুল হক | সাবরিন | ৯ম | এনামুল |
| জাহিদুল হক | রবিউল হাসান | ৬ষ্ঠ | জাহিদুল |
| মনির মোল্লা | সানজিদা | ১ম | মনির |
| জাহাঙ্গীর [illegible] | সাজিদা | ৮ম | [illegible] |
| নিলুফা বেগম | সাথী | ৮ম | নিলুফা |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

বরাবর

রেজিষ্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয়: অবৈধ পদ্ধতিতে নির্বাচিত কমিটি অনুমোদন না দেয়া প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমি নিম্ন স্বাক্ষরকারী পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন বোয়ালিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসার একজন অভিভাবক। প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও প্রকল্পের একজন অসৎ কর্মকর্তা (প্রিজাইডিং অফিসার) ও মাদ্রাসা সুপারের সার্থসিদ্ধির কারনে মাদ্রাসার অভিভাবক প্রতিনিধি নির্বাচনে অংশগ্রহণ করতে পারিনাই। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন বিভিন্ন মাদ্রাসায় ম্যানেজিং কমিটির নির্বাচন পদ্ধতি পরিচালানার জন্য গত ২৩ জুলাই ২০০৯ তারিখে প্রকাশিত গেজেট এর ১৫(২) ধারা মোতাবেক বাংলাদেশ সরকারের একজন প্রথম শ্রেনীর সরকারি কর্মকর্তা নিয়োগের নির্দেশনা আছে কিন্তু এখানে একজন প্রকল্পের একাডেমিক সুপারভাইজার কে প্রিজাইডিং অফিসার নিয়োগ দেয়া হয়। প্রিজাইডিং অফিসার মনোনয়ন পেয়ে মাদ্রাসার সুপারের সাথে যোগসাজেশ করে নির্বাচনকে প্রভাবিত করে নিজেদের মত পরিচালনার জন্য গোপনে অভিভাবক প্রতিনিধি নির্বাচনের জন্য তফসিল ঘোষনা করে। ঘোষিত তফসিল উন্মুক্ত স্থানে প্রকাশ, শ্রেনীকক্ষে পাঠ করে শোনানো, ব্যাপক প্রচারের কথা উল্লেখ থাকলেও তা যথাযথ প্রচার ও প্রকাশ করেনাই তাই আমি সহ অন্যান্য অনেক অভিভাবক নির্বাচনে তফসিল শুনতে/জানতে পারিনাই। বিধায় প্রবল ইচ্ছা থাকা সত্ত্বেও অভিভাবক প্রতিনিধি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারিনাই। প্রিজাইডিং অফিসার ও সুপারের যোগসাজেসে গোপনে নির্বাচিত অভিভাবক প্রতিনিধিদের দ্বারা কমিটি সভাপতি নির্বাচন করে যা বিধিসম্মত নয়। যেহেতু অভিভাবক প্রতিনিধি নির্বাচন বৈধ/স্বচ্ছতার মাধ্যমে সম্পন্ন করা হয়নাই সেহেতু এমন প্রহসনমূলক নির্বাচন বাতিল করে পূনঃ নির্বাচনের দাবি করছি।

অতএব মহোদয় অবৈধ পদ্ধতিতে নির্বাচিত কমিটি অনুমোদন না দিয়ে পূনঃরায় স্বচ্ছতাপূর্ণ নির্বাচনের ব্যবস্থা গ্রহণে বিনীত আজ্ঞা হয়।

বিনীত নিবেদক

মোঃশাহ্ আলী

মোঃ শাহ আলী

ভোটার নং-১৩১

অধ্যায়রত মেয়েঃ সুমাইয়া (শ্রেনী ৮ম)

বোয়ালিয়া ছালেহিয়া দাখিল মাদ্রাসা (১০২২৮

মোবাইল নং- ০১৭৬২১৫২৬০২

জাতীয় পরিচয় পত্র নং-৪৬১৬২৯৮০৯৯

গ্রাম,পোঃ বোয়ালিয়া,গলাচিপা,পটুয়াখালী

তারিখঃ ২৫/০৮/২০২৫খ্রিঃ